

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
করিমগঞ্জ, কিশোরগঞ্জ
www.karimganj.kishoreganj.gov.bd

স্মারক নং : ০৫.১২.৪৮৪২.০০৪.০৩.০০১.১২.১২- ৪৮ (১০০)

তারিখ: ০১ মাঘ, ১৪২৯ বঙ্গাব্দ
১৫ জানুয়ারি, ২০২৩ খ্রি.

ঃ ফেরীঘাট ইজারার দরপত্র বিজ্ঞপ্তি ::

এতদ্বারা পেশাদার পাটনী/আগ্রহী ব্যক্তি/সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর স্থানীয় সরকার বিভাগের ১৯/০৪/২০০৩খ্রিঃ তারিখের প্রজ্ঞাই-ই/ফ-১/২০০৩/২৬২(৫২৭২) নম্বর স্মারকে জারীকৃত ও জেলা প্রশাসক, কিশোরগঞ্জ-এর কার্যালয়ের স্থানীয় সরকার শাখার ১৪/০২/২০১৩খ্রি. তারিখের স্মারক নম্বর-৪৬.৪১.৪৮০০.০১০.১০.০০১.২০১২-৮৪ এবং হস্তান্তরিত ফেরীঘাটের ইজারা ও ব্যবস্থাপনা নীতিমালা অনুসারে কিশোরগঞ্জ জেলার করিমগঞ্জ উপজেলাধীন নিম্নবর্ণিত ফেরীঘাটসমূহ ১৪৩০ বঙ্গাব্দের ০১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত মেয়াদে ইজারা প্রদানের নিমিত্ত নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে ১ম পর্যায় ১৫/০২/২০২৩খ্রি., ২য় পর্যায় ২৬/০২/২০২৩খ্রি., ৩য় পর্যায় ০৯/০৩/২০২৩খ্রিঃ, ৪র্থ পর্যায় ১৬/০৩/২০২৩খ্রি. ও ৫ম পর্যায় ২৭/০৩/২০২৩খ্রি. তারিখ ধার্যে বন্ধ খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে। বিজ্ঞপ্তিতে বর্ণিত ধার্য তারিখের পূর্ব দিন পর্যন্ত অফিস চলাকালীন কিশোরগঞ্জ জেলা প্রশাসক কার্যালয়ের এল.জি. শাখা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, করিমগঞ্জ এবং উপজেলা ভূমি অফিস, করিমগঞ্জ হতে সিডিউল ক্রয় করা যাবে এবং ধার্য তারিখে দুপুর ১.০০ টা পর্যন্ত বর্ণিত কার্যালয়সমূহে দাখিল করা যাবে। ফেরীঘাট ইজারা সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি অফিস চলাকালীন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, করিমগঞ্জ হতে জানা যাবে।

ঃ ফেরীঘাটের বিবরণ ::

ক্রঃ নং	নাম	ইউনিয়নের নাম	সম্ভাব্য ইজারা মূল্য	সিডিউলের মূল্য (অফেরতযোগ্য)	মন্তব্য
১	২	৩	৪	৫	৬
০১	চং নোয়াগাও ফেরীঘাট	সুতারপাড়া	২৪,২০,০০০/-	৫,৬০০/-	
০২	পানাহার বাজার ফেরীঘাট	জয়কা	১,৮১,৫০০/-	১,০০০/-	
০৩	মরিচখালী নৌকা/ট্রলার ঘাট	গুনধর	২,৯৬,০০০/-	১,২০০/-	

ঃ শর্তাবলী ::

০১. জন্মগত পেশাদার পাটনীগণকে ফেরীঘাট ইজারা প্রদানের ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের সনদপত্র দাখিল করতে হবে।
০২. প্রত্যেক ফেরীঘাটের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে।
০৩. অনিবার্য কারণে কর্তৃপক্ষ দরপত্র দাখিলের তারিখ পরিবর্তন করতে পারবেন।
০৪. দরপত্র দাতাকে দরপত্রের সাথে জামানত স্বরূপ উদ্ধৃত মূল্যের ২৫% অর্থ উপজেলা নির্বাহী অফিসার, করিমগঞ্জ বরাবরে ব্যাংক ড্রাফটের মাধ্যমে জমা দিতে হবে।
০৫. দরপত্র দাতাকে দরপত্র গৃহীত হওয়ার ০৭(সাত) কার্যদিবসের মধ্যে সমুদয় অর্থ একসাথে পরিশোধ করতে হবে। অন্যথায় তার দরপত্র বাতিল বলে গণ্য হবে এবং দরপত্রের সাথে দাখিলকৃত জামানত বাজেয়াপ্ত করা হবে।
০৬. দরপত্র দাতাকে ইজারা মূল্যের ১০% আয়কর ও ১৫% ভ্যাট দিতে হবে।
০৭. গৃহীত দরপত্র দাতাকে আয়কর, ভ্যাটসহ সাকুল্য টাকা জমা দিয়ে নির্ধারিত ফরমে উপজেলা নির্বাহী অফিসার, করিমগঞ্জ বরাবরে চুক্তিনামা সম্পাদন পূর্বক নিজ দায়িত্বে ফেরীঘাটের দখল বুঝে নিতে হবে।
০৮. কর্তৃপক্ষ দর যাচাইয়ের জন্য সর্বোচ্চ দরপত্র দাতার দর কার্যকর রেখে পুণঃ দরপত্র আহ্বান করতে পারবেন।
০৯. জেলা প্রশাসক, কিশোরগঞ্জ কর্তৃক অনুমোদিত টোল চার্ট অনুযায়ী টোল আদায় করতে হবে। নির্ধারিত রেট এর অধিক টোল আদায় করা যাবে না। অতিরিক্ত টোল আদায় প্রমাণিত হলে গৃহীত ইজারা বাতিল বলে গণ্য হবে। অনুমোদিত টোল চার্ট ফেরীঘাটের বিভিন্ন স্থানে নিজ খরচে ঝুলিয়ে রাখতে হবে।
১০. ইজারাদার কোন ক্রমেই ইজারা প্রাপ্ত ফেরীঘাট অন্যের নিকট সাব লীজ দিতে পারবে না।
১১. ইজারাদার কর্তৃক ফেরীঘাটের পয়ঃপ্রণালী পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে।
১২. এতদসংক্রান্তে জারীকৃত সকল বিধি বিধান এবং সরকার কর্তৃক সময়ে সময়ে প্রণীত আইন-কানুন/আদেশ/ নির্দেশ ইজারা গ্রহীতাকে সম্পূর্ণভাবে মেনে চলতে হবে।
১৩. ইজারা গ্রহণে আগ্রহী ব্যক্তিকে সরেজমিনে ফেরীঘাটের বাস্তব অবস্থা সম্পর্কে অবহিত হয়ে ইজারা কার্যক্রমে অংশগ্রহণ করতে হবে।
১৪. কোন কারণে নির্ধারিত সময়ের মধ্যে ফেরীঘাটের দখল প্রদান কার্য বিলম্বিত হলে ১ বৈশাখ হতে দখল প্রদানের পূর্ব পর্যন্ত খাস আদায় করা হবে।
১৫. ফেরীঘাটের দখল ১৪৩০ বঙ্গাব্দের যে তারিখেই বুঝিয়ে দেয়া হোক না কেন ইজারা চুক্তির মেয়াদ ৩০ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ পর্যন্ত বলবৎ থাকবে।
১৬. কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ/বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(পলাশ কুমার বসু)

উপজেলা নির্বাহী অফিসার
করিমগঞ্জ, কিশোরগঞ্জ।

ফোন : ০৯৪২৭-৫৬০০১

ই-মেইল : unokarimganj@mopa.gov.bd

স্মারক নং : ০৫.১২.৪৮৪২.০০৪.০৩.০০১.১২.১২-৪৬ (১০০)

তারিখ: ০১ মাঘ, ১৪২৯ বঙ্গাব্দ
১৫ জানুয়ারি, ২০২৩ খ্রি.

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে এবং বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলো :

- ১। মাননীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা কিশোরগঞ্জ-৩(করিমগঞ্জ-তাড়াইল)।
- ২। জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, করিমগঞ্জ, কিশোরগঞ্জ।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল),-----, কিশোরগঞ্জ।
- ৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, কিশোরগঞ্জ।
- ৬। সহকারী কমিশনার (ভূমি), করিমগঞ্জ।
- ৭। মেয়র, করিমগঞ্জ পৌরসভা, করিমগঞ্জ, কিশোরগঞ্জ।
- ৮। উপজেলা-----কর্মকর্তা, করিমগঞ্জ। বহুল প্রচারের জন্য।
- ৯। চেয়ারম্যান-----ইউ.পি(সকল), করিমগঞ্জ।
- ১০। ইউঃ ভূমি সহকারী কর্মকর্তা.....ইউঃ ভূমি অফিস, করিমগঞ্জ।
- ১১। সম্পাদক, দৈনিক-----, কিশোরগঞ্জ। দরপত্র বিজ্ঞপ্তি নির্ধারিত তারিখের পূর্বে তার পত্রিকায় ০১ (এক) দিনের জন্য প্রকাশ করে পত্রিকার দুই কপি বিজ্ঞপ্তিসহ অত্র কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ১২। জনাব-----, করিমগঞ্জ।
- ১৩। নোটিশ বোর্ড।
- ১৪। অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা ফেরীঘাট ব্যবস্থাপনা কমিটি
করিমগঞ্জ, কিশোরগঞ্জ